# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩২১৯

২২/ শিকার (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ২২/৯. মাছ ও টিড্ডি শিকার

بَاب صَيْدِ الْحِيتَانِ وَالْجَرَادِ

আরবী

حَدَّثَنَا أَبُو بِشْرٍ، بَكْرُ بْنُ خَلَفٍ وَنَصْرُ بْنُ عَلِيٍّ قَالاَ حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى بْنِ عُمَارَةَ، حَدَّثَنَا أَبُو الْعَوَّامِ، عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ، عَنْ سَلْمَانَ، قَالَ سُئِلَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَنِ الْجَرَادِ فَقَالَ " أَكْثَرُ جُنُودِ اللَّهِ لاَ آكُلُهُ وَلاَ أُحَرِّمُهُ " .

বাংলা

২/৩২১৯। সালমান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট টিড্ডি সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেনঃ আল্লাহ তা'আলার বিরাট বাহিনী। আমি তা খাইও না এবং হারামও করি না।

## English

It was narrated that Salman said:
“The Messenger of Allah (ﷺ) was asked about locusts. He said: ‘(They are) the most numerous troop of Allah. I neither eat them nor forbid them.’”

ফুটনোট

আবূ দাউদ ৩৮১৩, যইফাহ ১৫৩৩, যইফ আল-জামি' ১০৯৭।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী যাকারিয়্যা বিন ইয়াহইয়া বিন উমারাহ সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। আবু যুরআহ আর-রাযী বলেন, তার কথাগুলো ভালো। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ২০০১, ৯/৩৮১ নং পৃষ্ঠা) ২. আবুল আওওয়াম সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাকবুল। ইবনু হিব্বান তার সিকাহ গ্রন্থে সিকাহ হিসেবে উল্লেখ করেছেন। ইমাম

যাহাবী বলেন, তার জারাহ সম্পর্কে আমার জানা নেই তবে ইবনু হিব্বান তাকে সিকাহ বলেছেন। মুহাম্মাদ ইবনুয যিবরিকান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। ইমাম বায়হাকী তার দুর্বল হওয়ার দিকেই ইঙ্গিত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44183

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন